

■■ কুরআন ও সুন্নাহর আলোকে মুসলিম জীবনের আদব-কায়দা

বিভাগ/অধ্যায়ঃ পরিশিষ্ট

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

পরিশিষ্ট

আল-হামদুলিল্লাহ, যাঁর অসীম অনুগ্রহে আমরা মুসলিম জীবনের আদব-কায়দা'র নানা দিক নিয়ে পনেরটি অধ্যায়ে আলোচনা করার সুযোগ পেয়েছি। আসলে আদব-কায়দা হলো মুসলিম জীবনের অলংকার; সুতরাং যে ব্যক্তি তার জীবনে যত বেশি ইসলামী আদব তথা শিষ্টাচারের সমাবেশ ঘটাতে পারবে, তার জীবন তত বেশি সৌন্দর্যমণ্ডিত হবে এবং পরকালীন জীবনে তার নিশ্চিত সফলতা তো থাকছেই।

এ গ্রন্থে আলোচিত কিছু আদব আল্লাহ তা'আলা ও তাঁর প্রিয় হাবীব মুহাম্মাদ মুস্তফা সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের সাথে সংশ্লিষ্ট; এসব আদব যথাযথভাবে রক্ষা করে চলা মুসলিম ব্যক্তির ঈমানী দায়িত্ব এবং তার ব্যতিক্রম করলে তার ঈমানের ব্যাপারে প্রশ্ন উঠবে! তাছাড়া আরও যেসব আদব বিভিন্ন অধ্যায়ে আলোচিত হয়েছে, সেগুলো একজন মুসলিম ব্যক্তি যথাযথভাবে পালন করতে পারলে সে ব্যক্তিগত ও সামাজিকভাবে শরী'য়েত কর্তৃক নিষিদ্ধ অনেক কর্মকাণ্ড থেকে বেঁচে থাকতে পারবে এবং পাশাপাশি শরী'য়েত প্রবর্তক কর্তৃক নির্দেশিত অনেক আবশ্যিক ও ঐচ্ছিক কর্ম সম্পাদনে সক্ষম হবে; আর এ সুবাদে একদিকে সে দুনিয়ার জীবনে একজন ভদ্র ও সভ্য মানুষ হিসেবে পরিচিত ও প্রতিষ্ঠিত হবে এবং অপরদিকে পরকালীন জীবনে আল্লাহ তা'আলার গ্রহণযোগ্য ও প্রিয় বান্দার কাতারে শামিল হয়ে চূড়ান্ত সফলতার বিষয়টি নিশ্চিত করতে সক্ষম হবে। আল্লাহ আমাদের সকলকে তাঁর দেখানো পথে চলার তাওফীক দিন। আমীন! ছুম্মা আমীন!!

যে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা গ্রন্থটি লিপিবদ্ধ করাটাকে সহজ করে দিয়েছেন, তাঁর জন্য প্রথম থেকে শেষ পর্যন্ত সকল প্রশংসা নিবেদিত। আর তার জন্য রয়েছে সার্বক্ষণিক প্রশংসা।

و سبحانك اللهم و بحمدك نشهد أن لا إله إلا أنت نستغفرك و نتوب إليك

(হে আল্লাহ! তুমি পবিত্র, তোমার জন্য প্রশংসা; আমরা সাক্ষ্য দিচ্ছি যে, তুমি ছাড়া কোনো সত্য ইলাহ নেই, আমরা তোমার নিকট ক্ষমা প্রার্থনা করি এবং তোমরা নিকট তাওবা করি)।

ফুটনোট

গ্রন্থপঞ্জি

- ১. আল-কুরআনুল কারীম
- ২. আন-নাসায়ী, আস-সুনান



- ৩. আল-বুখারী, আল-জামে আস-সহীহ
- ৪. আল-হাকেম, আল-মুস্তাদরাক
- ৫. আল-গাযালী, এহইয়াউ 'উলুমিদ দীন [আল-মাকতাবা আশ-শামেলা, দ্বিতীয় প্রকাশ]।
- ৬. আবূ দাউদ, আস-সুনান
- ৭. আবৃ বকর আল-জাযায়েরী, মিনহাজুল মুসলিম
- ৮. ইবন মাজাহ, আস-সুনান
- ৯. ইমাম আহামদ, আল-মুসনাদ
- ১০. ইমাম নবুবী, রিয়াদুস্ সালেহীন
- ১১. ইমাম নববী, আল-আরবা'উন
- ১২. ইমাম তিরমিযী, আস-সুনান
- ১৩. ইমাম মালিক, আল-মুয়াত্তা
- ১৪. ইবন হিব্বান, আস-সহীহ
- ১৫. মুসলিম ইবন হাজ্জাজ, আস-সহীহ
- ১৬. ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, আল মুনীর আরবী-বাংলা অভিধান
- ১৭. সম্পাদনা পরিষদ, বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধান
- ১৮. সম্পাদনা পরিষদ, আল-মু'জাম আল-ওসীত
- ১৯. আখলাকু আহলিল কুরআন [আল-মাকতাবা আশ-শামেলা, দিতীয় প্রকাশ]।



২০. বিবিধ গ্রন্থ, [আল-মাকতাবা আশ-শামেলা, দ্বিতীয় প্রকাশ]।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11133

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন